

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২) (১ম সংশোধিত)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা
<http://natp2dof.portal.gov.bd>



পত্র নং- ৩৩.০২.০০০০.৯২০.১০.০২৬.১৬-৭৮২

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৮
৩০ জুন ২০২১

অফিস আদেশ

মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২) (১ম সংশোধিত) এর আওতায় ক্ষেত্র সহকারী (ফিল্ড এ্যাসিস্টেন্ট) পদে অপেক্ষমান তালিকা হতে নিম্নবর্ণিত ০২ (দুই) জন প্রার্থীকে ২ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তসমূহ পালন সাপেক্ষে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১৬ (ষোল) তম গ্রেডে সাকুল্য বেতনে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদে নিয়োগ আদেশ প্রদান করা হলো:

ক্র: নং	রোল নং	প্রার্থীর নাম, পিতার নাম ও স্থায়ী ঠিকানা	পদায়নকৃত কর্মস্থলের নাম
১.	০২৯২	জনাব মো: সালেহ আহমেদ পিতাঃ মোঃ সাহজাদ হোসেন কাওড়া, ডাকঘর: কাওড়া, উপজেলা- মহম্মদপুর, জেলা-মাগুরা।	সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, বালিয়াকান্দি, রাজবাড়ী।
২.	০৩৫৬	জনাব বিপ্লব বিশ্বাস পিতা- নৃপেন্দ্র বিশ্বাস গ্রাম: কুল্লিয়া, ডাকঘর-আমুড়িয়া-৭৬০০, উপজেলা- মাগুরা সদর, জেলা-মাগুরা।	সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পটিয়া, চট্টগ্রাম।

২। শর্তাবলীঃ

- এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প চলাকালীন সময়ের জন্য প্রযোজ্য হবে।
- কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময়ে প্রার্থীর নিয়োগ বাতিল করা যাবে।
- নবনিয়োগ প্রাপ্ত কর্মচারী আগামী ১৯/০৭/২০২১ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে পদায়নকৃত কর্মস্থলে যোগদান করবেন।
- চাকুরীরত/বিভাগীয় প্রার্থীর পূর্বতন পদ হতে পদত্যাগ করে নিয়োগপ্রাপ্ত পদে যোগদান করতে হবে এবং পূর্বতন পদ হতে অব্যাহতি পত্র দিতে হবে।
- যোগদানের সময় উন্নয়ন প্রকল্পের নিয়োগ বিধি মোতাবেক পরিচালক, পিআইইউ এর সঙ্গে ৩০০.০০ (তিন শত) টাকা মূল্যের নন জুডিশিয়াল ই্যাম্প একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।
- প্রকল্প মেয়াদ শেষে চুক্তিপত্রটি চাকুরী হতে অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- চাকুরী হতে অব্যাহতি নিতে হলে কমপক্ষে ৩০ দিন পূর্বে কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
- বেতন ভাতা অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী সম্পূর্ণ সাকুল্যে বেতন প্রাপ্ত হবেন। এছাড়া সরকার কর্তৃক এতদসংক্রান্ত বিষয়ে অন্য কোন পরিপত্র/স্মারক জারী করা হলে তাও প্রযোজ্য হবে।
- নিয়োগপ্রাপ্ত কর্মচারীকে যোগদানের সময় সিভিল সার্জন হতে স্বাস্থ্যগত সনদ দাখিল করতে হবে।
- যে সমস্ত নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের পুলিশ ভেরিফিকেশন এবং স্বাস্থ্যগত সনদপত্র সন্তোষজনক হবে না তাদের নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

(এস. এম. মনিরুজ্জামান)
পরিচালক


প্রকল্প বাস্তবায়ন ইউনিট

☎ ০২-৪৭১২০১৮৩

✉ monidof@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২. অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক, পিএমইউ, এনএটিপি-২ প্রকল্প, বিএআরসি ভবন, ফার্মগেট, ঢাকা।
৪. পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য/রিজার্ভ), মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৫. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ/মৎস্য পরিকল্পনা ও জরিপ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা/পরিচালক, মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাতার, ঢাকা।
৬. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, -----বিভাগ, -----।
৭. জেলা মৎস্য কর্মকর্তা,-----।
৮. সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা,-----।
৯. জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,-----।
১০. প্রোগ্রামার, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা। আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
১১. সহকারী আইসিটি স্পেশালিস্ট, এনএটিপি-২, মৎস্য অধিদপ্তর অংগ, মৎস্য ভবন, রমনা, ঢাকা। আদেশটি এনএটিপি-২ ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ।
১২. জনাব/বেগম-----।
১৩. অফিস নথি।


পরিচালক
প্রকল্প বাস্তবায়ন ইউনিট